


# যুগান্তর

## জাবিতে পাল্টাপাল্টি কর্মসূচি, আবার আন্দোলন শুরু

প্রকাশ : ১৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগে ভিসির পক্ষে-বিপক্ষে পাল্টাপাল্টি কর্মসূচি পালন করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুর ১টার দিকে ভিসির পদত্যাগ দাবিতে পদযাত্রা করেছেন ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা। অপর দিকে বেলা ৩টায় ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ নামের নতুন সংগঠনের আত্মপ্রকাশ করে সংবাদ সম্মেলন করেছেন ভিসিপন্থী শিক্ষকরা।

পূজার ছুটির পর ক্লাস-পরীক্ষার শুরুর প্রথম দিনেই এ কর্মসূচি পালন করেছেন ভিসিপন্থী ও বিপক্ষের শিক্ষকরা। এ ছাড়া উভয়পক্ষ টানা কর্মসূচিও ঘোষণা করেছে। পদযাত্রা শেষে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে শিক্ষক-শিক্ষার্থীরা নতুন প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তারা অবিলম্বে ভিসির পদত্যাগ করার আহ্বান জানান। সমাবেশে বক্তব্য দেন সংগঠনটির সমন্বয়ক অধ্যাপক রায়হান রাইন, শাখা ছাত্র ইউনিয়নের সদস্য রাকিবুল রনি, শাখা ছাত্রফ্রন্টের সভাপতি মাহাথির মুহাম্মাদ, আবৃত্তি সংগঠন ধ্বনির সভাপতি সোহানুর রশিদ মুন গাজী, বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ জাবি শাখার যুগ্ম আহ্বায়ক ফরহাদ হারেস ভূঁইয়া। এ সংগঠনটি আজ বুধবার বিক্ষোভ মিছিল, বৃহস্পতিবার সংহতি সমাবেশ এবং শনিবার সন্ধ্যায় মশাল মিছিল করবে বলে ঘোষণা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের নতুন কলা ভবনের লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে ভিসিপন্থী শিক্ষকরা নতুন সংগঠনের আত্মপ্রকাশ করে তিন দিনের কর্মসূচি ঘোষণা করেন। ‘অন্যায়ের বিরুদ্ধে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ নামের সংগঠনের ৩৫ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়। পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক এ এ মামুনকে সমন্বয়ক এবং পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মোহাম্মাদ আলমগীর কবীরকে মুখপাত্র এবং বাকি ৩৩ জনকে সদস্য হিসেবে রাখা হয়েছে। এ সংগঠনের সঙ্গে অফিসার সমিতি, কর্মচারী ইউনিয়ন এবং কর্মচারী সমিতির নির্বাচিত সভাপতি-সম্পাদকদের সম্পৃক্ততা রাখা হয়েছে। সংবাদ সম্মেলনে সঞ্চালনার সময় অধ্যাপক আলমগীর কবির তিন দিনের কর্মসূচি ঘোষণা করেন। তাদের কর্মসূচি হল- আজ বুধবার বেলা ১১টায় মৌনমিছিল ও সংহতি সমাবেশ, বৃহস্পতিবার সন্ধ্যায় শহীদ মিনারের পাদদেশে মোমবাতি প্রজ্জ্বলন, আগামী ২২ অক্টোবর মঙ্গলবার চিহ্নিত দুর্নীতিবাজ ও ষড়যন্ত্রকারীদের বিচারের দাবিতে ভিসিকে স্মারকলিপি দেয়া হবে। সংবাদ সম্মেলনে উপস্থিত শিক্ষকরা ভিসির বিরুদ্ধে আনীত অভিযোগকে ষড়যন্ত্রমূলক ও উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেন। সংবাদ সম্মেলনে বক্তব্য দেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার, সমাজবিজ্ঞান অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) অধ্যাপক রাশেদা আখতার, আইন অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) অধ্যাপক বাশির আহমেদ, ব্যবসা শিক্ষা অনুষদের ডিন নীলজ্ঞান কুমার সাহা, অধ্যাপক এ এ মামুন, অধ্যাপক একেএম শাহনাওয়াজ, অধ্যাপক নঈম সুলতান, অধ্যাপক সুফি মুস্তাফিজুর রহমান প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

